



## নোয়াখালীতে বিএনপি-শিবির সংঘর্ষে আহত ৪০, পাল্টাপাল্টি অভিযোগ



ছবি

নোয়াখালীর সদর উপজেলার নেওয়াজপুর ইউনিয়নের কাশেম বাজারে বিএনপি ও শিবির নেতাকর্মীদের মধ্যে ব্যাপক সংঘর্ষের ঘটনা ঘটেছে। হামলা ও পাল্টা হামলায় আহত হয়েছেন অন্তত ৪০ জন। সংঘর্ষের জন্য একে অপরকে দায়ী করেছে উভয় পক্ষ। পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে বলে জানিয়েছে পুলিশ।

নোয়াখালীর সদর উপজেলার নেওয়াজপুর ইউনিয়নের কাশেম বাজারে রোববার (১৯ অক্টোবর) বিকেলে বিএনপি ও শিবির নেতাকর্মীদের মধ্যে উত্তেজনাকর সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে লাঠিসোঁটা ও ইটপাটকেল ব্যবহার করা হয়, এতে অন্তত ৪০ জন আহত হয়েছেন বলে জানিয়েছে স্থানীয় সূত্র।

বিএনপি নেতাকর্মীদের অভিযোগ, আসরের নামাজের পর মসজিদে স্লোগান দিয়ে দলীয় কর্মসূচি শুরু করে শিবির। এসময় তারা বাধা দিলে শিবির কর্মীরা হামলা চালায়। এতে অন্তত ১৫ জন বিএনপি নেতা-কর্মী আহত হন বলে দাবি করেছে দলটি।

অন্যদিকে, শিবিরের পক্ষ থেকে বলা হয়, শনিবার কাশেম বাজার জামে মসজিদে তারা দারসুল কুরআন প্রতিযোগিতার আয়োজন করেছিল। তখন যুবদল নেতাদের নেতৃত্বে তাদের ওপর হামলা চালানো হয়। এর প্রতিবাদে রোববার কুরআন তালিম কর্মসূচি ঘোষণা করলে বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা পুনরায় হামলা চালায়। এতে শিবিরের অন্তত ২৫ জন আহত হন বলে দাবি সংগঠনটির।

ঘটনার পর এলাকায় ব্যাপক আতঙ্ক ছড়িয়ে পড়ে। দোকানপাট বন্ধ হয়ে যায় এবং স্থানীয়দের মধ্যে উত্তেজনা বিরাজ করে। খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে এবং এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। সংঘর্ষের কারণ ও দায়ীদের শনাক্তে তদন্ত চলছে।